# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA

## Bengali Text Bulletin

**Date 02-07-2025 Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবর -

১) সিটের পাশাপাশি কসবা আইন কলেজে ধর্ষণের ঘটনার তদন্ত করবে কলকাতা পুলিশের গোয়েন্দা বিভাগ।

২) রাজ্যের আইন শৃঙ্খলা পরিস্থিতি অবনতির অভিযোগে আগামী ২৩ শে জুলাই উত্তরকন্যা অভিযান করবে বিজেপি।

৩) রাজ্য ভোট পরবর্তী হিংসায় বিজেপি কর্মী অভিজিত সরকার হত্যা মামলায় আদালতে সাপ্লিমেন্টারি চার্জশিট জমা দিয়েছে সিবিআই। চার্জশিটে নাম রয়েছে তৃণমূল কংগ্রেসের এক বিধায়ক এবং দুই কাউন্সিলারের।

৪) উল্টো রথ, শ্রবণী মেলা এবং মহরম নির্বিঘ্নে সম্পন্ন করতে সবরকমের প্রশাসনিক ব্যবস্থা নেওয়ার নির্দেশ মুখ্যমন্ত্রীর।

৫) সক্রিয় মৌসুমী অক্ষরেখার কারণে আগামী দু তিন দিন রাজ্যের প্রায় সব জেলাতেই বিক্ষিপ্তভাবে বৃষ্টির সম্ভাবনা।

---

সিটের পাশাপাশি এবার কসবা আইন কলেজে ধর্ষণের ঘটনার তদন্ত করবে কলকাতা পুলিশের গোয়েন্দা বিভাগ। আজ দুপুরেই কসবা থানা থেকে কেস ডায়েরী হস্তান্তর করা হয়েছে গোয়েন্দা বিভাগকে।

উল্লেখ্য,  এই ঘটনায় আগেই নয় সদস্যের বিশেষ তদন্তকারী দল- সিট গঠন করে কলকাতা পুলিশ। গত ২৫ শে জুন সাউথ ক্যালকাটা ল' কলেজে ঐ ঘটনার সঙ্গে জড়িত অভিযোগে চার জনকে গ্রেপ্তার করা হয়েছে।

এদিকে, ধৃত প্রাক্তন ছাত্র মনোজিত মিশ্র, প্রমিত মুখোপাধ্যায়, জৈব আহমেদ এবং নিরাপত্তা রক্ষী পিনাকী বন্দ্যোাপাধ্যায়-এর বিরুদ্ধে অপহরণ, অনুমতি ছাড়া ছবি তোলা সহ আরো ৬ টি নতুন ধারা যুক্ত করেছে কলকাতা পুলিশ।

উল্লেখ্য, ধৃত তিনজনের ৮ ই জুলাই এবং নিরাপত্তারক্ষী পিনাকি বন্দ্যোপাধ্যায়কে চৌঠা জুলাই পর্যন্ত পুলিশ হেফাজতে পাঠানো হয়েছে।

গণধর্ষণে অভিযুক্ত মনোজিত্ মিশ্রের বার কাউন্সিলের রেজিস্ট্রেশন বাতিলের সিদ্ধান্ত নিয়েছে রাজ্য বার কাউন্সিল।

---------------------

রাজ্যে আইনশৃঙ্খলা পরিস্থিতি অবনতির অভিযোগের পাশাপাশি নারী সুরক্ষার দাবিতে বিজেপি আগামী ২৩ শে জুলাই উত্তরকন্যা অভিযান করবে। কসবার সাউথ ক্যালকাটা ল কলেজে গণধর্ষণের প্রতিবাদে এক সভায় বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী একথা জানান। আগামী ৯ ই আগস্ট আর জি করের নির্যাতিতার মৃত্যু বার্ষিকীতে দল নবান্ন অভিযান করবে বলেও জানিয়েছেন তিনি। খুব শীঘ্রই অভয়ার পরিবারের সঙ্গে সাক্ষাতের পরিকল্পনার কথাও জানিয়েছেন শুভেন্দুবাবু। বিরোধী দলনেতা বলেন, নারী সুরক্ষায় দল লড়াই চালিয়ে যাবে।

বাইট

বিজেপি যুব মোর্চার কন্যা সুরক্ষা যাত্রার অঙ্গ হিসাবে এক মিছিলে শুভেন্দু অধিকারী, যুব মোর্চার রাজ্য সভাপতি ইন্দ্রনীল খাঁ সহ রাজ্য বিজেপির প্রথম সারির নেতারা অংশ নেন। রাসবিহারী মোড় থেকে শুরু হয়ে মিছিল যায় কসবা ল কলেজ পর্যন্ত।

--------------------

কসবা ল-কলেজে গণধর্ষণ কান্ডে ফাস্ট্র্যাক কোর্টের মাধ্যমে বিচার করে দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে লেক লাভার্স ফোরামের পক্ষ থেকে আজ প্রতিবাদ মিছিলের আয়োজন করা হয়। রবীন্দ্র সরোবরের ১০ নম্বর ফটকের সামনে থেকে মিছিল যায় কসবা থানা পর্যন্ত।

বাম ছাত্র সংগঠন এসএফআই-ও আজ কলেজস্ট্রীটে মিছিল করে। দোষীদের কঠোর শাস্তির দাবি জানানো হয়।

কংগ্রেসের পক্ষ থেকে আজ বিভিন্ন স্থানে বিক্ষোভ দেখানো হয়েছে। দক্ষিণ কলকাতা জেলা কংগ্রেস কমিটির সভাপতি প্রদীপ প্রসাদের নেতৃত্বে বালিগঞ্জ ফাঁড়ি থেকে গড়িয়াহাট মোড় পর্যন্ত যায় প্রতিবাদ মিছিল।

--------------------

সাউথ ক্যালকাটা ল কলেজে সাম্প্রতিক গণধর্ষণ কান্ডের জেরে অনির্দিষ্টকালের পঠনপাঠন স্থগিত রাখার কলেজ কর্তৃপক্ষের সিদ্ধান্তের সঙ্গে তিনি একমত নন বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু। সাংবাদিকদের প্রশ্নের উত্তরে আজ তিনি বলেন, পঠন

পাঠনের প্রক্রিয়া চালু থাকার কথা। পরিচালন সমিতি কী ভেবে এই সিদ্ধান্ত নিয়েছে তা তিনি খোঁজ নিয়ে জানাবেন বলে শিক্ষা মন্ত্রী জানান।

---------------------

রাজ্যে ভোট পরবর্তী হিংসায় কাঁকুড়গাছিতে বিজেপি কর্মী অভিজিত সরকার হত্যা মামলায় সিবিআই আদালতে সাপ্লিমেন্টারি চার্জশিট জমা দিয়েছে। ১৮ জনকে দোষী হিসাবে চার্জশিটে উল্লেখ করা হয়েছে। সেখানে নাম রয়েছে তৃণমূল কংগ্রেস বিধায়ক পরেশ পাল, তৃণমূল কংগ্রেসের দুই কাউন্সিলার স্বপন সমাদ্দার ও পাপিয়া ঘোষের। গত ৩০ শে জুন এই সাপ্লিমেন্টারি চার্জশিট আদালতে জমা পড়েছে।

---------------------

কলকাতা পুলিশ কমিশনারের বিরুদ্ধে অতি সক্রিয়তা এবং রাজ্যে বিরোধী রাজনৈতিক দলের সাংবিধানিক অধিকার কেড়ে নেওয়ার অভিযোগে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছেন , বিজেপি রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার। কসবা আইন কলেজে ধর্ষণের ঘটনার প্রতিবাদে গড়িয়াহাটে বিজেপির বিক্ষোভ কর্মসূচি থেকে আটক করে সুকান্তবাবু সহ আরও কয়েকজনকে লালবাজারে রাতভর আটকে রাখার পুলিশ কমিশনারকে চিঠি লেখেন তিনি। তার উত্তর না মেলায় , আদালতে গেছেন সুকান্তবাবু ।

কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদারের উপর হামলার ঘটনায় স্বাধিকারভঙ্গের প্রশ্ন তুলে রাজ্য সরকারের কাছে নোটিশ পাঠিয়েছে লোকসভার সচিবালয়। সেদিনের ঘটনার বিবরণ সবিস্তারে জানতে চাওয়ার পাশাপাশি দক্ষিণ ২৪ পরগণার পুলিশ সুপার রাহুল গোস্বামী ও ডায়মন্ডহারবার সদর মহকুমার পুলিশ আধিকারিকের বিরুদ্ধে

অভিযোগ লিপিবদ্ধ করা হয়েছে। উল্লেখ্য, সেদিনের ঘটনার অব্যবহিত পরেই লোকসভা অধ্যক্ষ ওম বিড়লা'র কাছে সবিস্তারে উক্ত ঘটনা জানিয়ে হস্তক্ষেপ চেয়েছিলেন সুকান্ত বাবু।

---------------------

বিজেপি রাজ্যসভার সাংসদ তথা রাজ্য মুখপাত্র শমীক ভট্টাচার্য্য আজ রাজ্য বিজেপির সভাপতি পদে মনোনয়ন দাখিল করেছেন। আজ দুপুরে বর্তমান সভাপতি সুকান্ত মজুমদার এবং বিধানসভায় বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীকে সঙ্গে নিয়ে শমীক ভট্টাচার্য্য মনোনয়ন দাখিল করেন। দুপুর দুটো থেকে বিকেল চারটে পর্যন্ত মনোনয়ন পর্ব চলে। স্ক্রুটিনি হয় বিকেল চারটে থেকে পাঁচটা পর্যন্ত। এই পদের জন্য আর কেউ মনোনয়ন জমা না দেওয়ায় শমীক ভট্টাচার্য্যের রাজ্য সভাপতি হওয়া এক প্রকার নিশ্চিত বলে মনে করা হচ্ছে। রাষ্ট্রীয় সদস্যের পক্ষে মনোনয়ন জমা দিয়েছেন ৬০ জন। আগামীকাল সায়েন্স সিটিতে এক অনুষ্ঠানে প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রীর উপস্থিতিতে নতুন বিজেপি রাজ্য সভাপতি নাম ঘোষণা করা হবে।

---------------------

তৃণমূল কংগ্রেস সরকার ও প্রশাসন নদীয়ার কালিগঞ্জে তামান্না খাতুন খুনের ঘটনাকে লঘু করতে চাইছে বলে প্রবীণ কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী অভিযোগ করেছেন। আজ কালিগঞ্জের মোলান্দিতে অধীর বাবু নিহত শিশুটির পরিবারের লোকেদের সঙ্গে কথা বলেন। হত্যাকারীদের বিচার চাওয়ার পাশাপাশি মুখ্যমন্ত্রীকে পরিবারটির কথা শোনার জন্য অনুরোধ করেন তিনি।

বাইট

---------------------

নদীয়ার কালিগঞ্জ বিধানসভা উপনির্বাচনে জয়ী তৃনমূল কংগ্রেস প্রার্থী আলিফা আহমেদ আজ বিধায়ক হিসাবে শপথ নিয়েছেন। রাজ্য বিধানসভার নৌসর আলি কক্ষে তাকে শপথ বাক্য পাঠ করান অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়। অনুষ্ঠানে পরিষদীয় মন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায়, তৃনমূল কংগ্রেস পরিষদীয় দলের মুখ্যসচেতক নির্মল ঘোষ, মন্ত্রীসভার সদস্য চন্দ্রিমা ভট্টাচার্য, ফিরহাদ হাকিম, মলয় ঘটক, প্রদীপ মজুমদার ছাড়াও অন্যান্যরা উপস্থিত ছিলেন।

---------------------

আসন্ন উল্টোরথ, শ্রাবণী মেলা ও মহরম তিনটি ধর্মীয় কর্মসূচি নির্বিঘ্নে সম্পন্ন করতে সব রকমের প্রশাসনিক ব্যবস্থা করতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী নির্দেশ দিয়েছেন। নবান্নে আজ এক উচ্চপর্যায়ের বৈঠকে তিনি এমর্মে একাধিক পদক্ষেপের কথা বলেছেন। উল্টোরথ এবং মহরমের অনুষ্ঠান মাত্র এক দিনের ব্যবধানে হওয়ায় আইনশৃঙ্খলার ক্ষেত্রে যাতে কোনওরকম শৈথিল্য না থাকে, সেই বিষয়ে পুলিশ প্রশাসনকে বাড়তি সতর্কতা অবলম্বনের নির্দেশ দেন মুখ্যমন্ত্রী। পাশাপাশি স্পর্শকাতর এলাকায় বিশেষ সক্রিয় নজরদারি রাখতে প্রশাসনের শীর্ষকর্তাদের নির্দেশ দেওয়া হয়েছে। বৈঠকে শ্রাবণী মেলার প্রস্তুতি নিয়েও বিশেষ আলোচনা হয়। ১০ই জুলাইয়ের পর থেকে ওই মেলা শুরু হচ্ছে।

---------------------

তারকেশ্বরে শ্রাবণী মেলা উপলক্ষ্যে পুণ্যার্থীদের যাতায়াতের সুবিধার্থে পূর্ব রেলের হাওড়া ডিভিশন জুলাই ও আগস্ট মাস জুড়ে হাওড়া - তারকেশ্বর এর মধ্যে বিশেষ

ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে। রবি, সোম এবং উৎসবের দিন গুলিতে এই বিশেষ ট্রেন চলবে। আগামী ১০, ১৩, ১৪, ২০, ২১, ২৭, ২৮, ২৯জুলাই এবং ৩, ৪, ৯, ১০, ১১, ১৫, ১৬, ১৭ এবং ১৮ আগস্ট এই দিন গুলিতে বিশেষ EMU লোকাল চালানো হবে যেগুলি প্রতিটি স্টেশনে দাঁড়াবে। এছাড়া শেওড়াফুলি - তারকেশ্বরের মধ্যে EMU স্পেশাল ট্রেন চলবে বলে খবর।

---------------------

পশ্চিমবঙ্গ রাজ্য কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা এবং দক্ষতা উন্নয়ন পর্ষদের অধীনে বিভিন্ন কারিগরি শিল্প প্রশিক্ষণ কেন্দ্রগুলিতে কর্মরত চুক্তিভিত্তিক এবং আংশিক সময়ের নিযুক্ত প্রশিক্ষকদের বেতনবৃদ্ধি করেছে রাজ্য সরকার। প্রশিক্ষকদের বেতন ১৩ হাজার ৫০০ থেকে বেড়ে হল ১৭ হাজার টাকা। নতুন বেতন ২০২৫ এর ১লা জুন থেকে কার্যকর হবে।

---------------------

সম কাজে সম বেতন, বেতন বৃদ্ধি, সামাজিক সুরক্ষা, স্থায়ী কর্মী নিয়োগ সহ ১৭ দফা দাবি নিয়ে কেন্দ্রীয় ট্রেড ইউনিয়ন ও ফেডারেশন আগামী ৯ ই জুলাই দেশ জুড়ে ধর্মঘটের ডাক দিয়েছে। এর সমর্থনে কলকাতা পুরসভার বামপন্থী কর্মী সংগঠন ও কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশন শ্রমিক ইউনিয়ন আজ পুরো ভবনে মিছিল করে। এদিকে, আগামী শুক্রবার বিভিন্ন দাবি - দাওয়া নিয়ে, দুই সংগঠন দুটো থেকে চারটে কর্মবিরতির ডাক দিয়েছে।

অন্যদিকে, সুপ্রিম কোর্টের নির্দেশ মেনে; রাজ্য সরকারী কর্মচারীদের অবিলম্বে মহার্ঘ্য ভাতা প্রদান করা এবং AICPI অনুসারে মহার্ঘ্য ভাতার দাবিতে ৪ ঠা জুলাই দুটো

থেকে চারটে পর্যন্ত কর্ম বিরতি ঘোষণা করেছে রাজ্য সরকারী কর্মচারীদের সংগঠন কনফেডারেশন অফ স্টেট গভর্নমেন্ট এমপ্লয়ীজ, পশ্চিমবঙ্গ।

---------------------

দিঘার ওপর দিয়ে যাওয়া সক্রিয় মৌসুমী অক্ষরেখার কারণে আগামী দু-তিন দিন রাজ্যের প্রায় সব জেলায় বিক্ষিপ্তভাবে বৃষ্টির সম্ভাবনা রয়েছে বলে জানিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর। জলপাইগুড়ি এবং আলিপুরদুয়ার জেলায় অতি ভারী বৃষ্টি হতে পারে। এদিকে, আজ কলকাতা সহ দক্ষিণবঙ্গের বেশ কিছু জেলায় বিক্ষিপ্তভাবে মাঝারি থেকে ভারী বৃষ্টি হয়েছে। আলিপুরে বিকেল সাড়ে পাঁচটা পর্যন্ত ৩২ দশমিক ৪ মিলিমিটার বৃষ্টি রেকর্ড করা হয়েছে।

--------------------- ---------------------